



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ১৩/০৫/২০১৮খ্রি:

শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ববি উপাচার্যের সম্মাননা লাভ

দেশবরেণ্য একজন বিশিষ্ট শিক্ষাবিদ হিসেবে শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ “**Education Peace Award-2018**” পেলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। গত ১০ মে ২০১৮ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট কর্তৃক আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য উপাচার্য মহোদয় এ সম্মাননা লাভ করেন। বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট এর নির্বাহী পরিচালক চনং সেক্টর এর সেক্টর কমান্ডার স্বাধীনতা পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা লে. কর্নেল (অব:) আবু ওসমান চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মাননা প্রদান অনুষ্ঠানে দেশের বরেণ্য শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়গণ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ইতোপূর্বে বিভিন্ন ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ “বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস গোল্ড মেডেল”, “বাংলাদেশ ইউজিসি অ্যাওয়ার্ড-২০০৭”, “বঙ্গবন্ধু কৃষি পদক-২০০৮”, “বঙ্গবন্ধু স্বাধীনতা পদক-২০০৯” ভূষিত হয়েছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস